

**২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) কোর্সে প্রাথমিক ভর্তির আবেদনের সময় বৃদ্ধি
ও “সোনালী ই-সেবা” মোবাইল অ্যাপ এর মাধ্যমে ফি জমাদানের বিজ্ঞপ্তি**

অনার্স বিষয়সমূহঃ	বিএ (সম্মান) : Bangla, English, History, Islamic History & Culture, Philosophy
	বিএসএস (সম্মান) : Political Science, Sociology, Social Work, Economics
	বিবিএ (সম্মান) : Marketing, Finance, Accounting, Management
	বিএসসি (সম্মান) : Physics, Chemistry, Botany, Zoology, Geography, Psychology, Statistics, Mathematics

- ১। ফরম পাওয়া যাবে: www.nu.ac.bd/admissions এ ১৮/০২/২০২৪ খ্রি. হতে ২৮/০২/২০২৪ খ্রি. তারিখ রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত
- ২। ৩৫০/- টাকা হারে ফি ‘সোনালী ই-সেবা’ মোবাইল অ্যাপ-এর মাধ্যমে জমা: ১৯/০২/২০২৪ হতে ২৯/০২/২০২৪ তারিখ (ব্যাক সময় পর্যন্ত)
- ৩। প্রাথমিক ভর্তির ফরম কলেজে জমা: ১৯/০২/২০২৪ হতে ২৯/০২/২০২৪ তারিখ পর্যন্ত।

৪। ভর্তির আবেদন ফরম পূরণের যোগ্যতাঃ

- ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা থেকে ২০২২/২০২৩ সালের HSC/ সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ও ২০২০/২০২১ সালের SSC/ সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) পৃথকভাবে ন্যূনতম জিপিএ-২.৫ সহ উভয় পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ ৬.০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।
 - খ) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান শাখা থেকে ২০২২/২০২৩ সালের HSC/ সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ও ২০২০/২০২১ সালের SSC/ সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) পৃথকভাবে ন্যূনতম জিপিএ-৩.০ সহ উভয় পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ ৬.৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।
 - গ) বাংলাদেশ কারিগরি শিক্ষা থেকে শুধুমাত্র এইচএসসি (ভোকেশনাল), এইচএসসি (বিজনেস ম্যানেজমেন্ট), ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা অনুচ্ছেদ খ শর্তপূরণে সাপেক্ষে আবেদন করতে পারবে।
 - ঘ) আবেদনকারীদের উচ্চ মাধ্যমিক ও সমমান পরীক্ষার পঠিত বিষয়সমূহ থেকে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিযোগ্য (Eligible) বিষয় হিসেবে নির্ধারণ করা হবে এবং উক্ত পঠিত বিষয় (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ থাকতে হবে।
 - ঙ) ২০২০/২০২১ সালের O-Level পরীক্ষায় ৩টি বিষয়ে বি গ্রেডসহ অন্তত ৪টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২২/২০২৩ সালের A-Level পরীক্ষায় একটি বিষয়ে বি গ্রেডসহ অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্তসাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল প্রার্থীকে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর বরাবর নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। অনুরূপভাবে বিদেশী সার্টিফিকেট ধারী প্রার্থীদের ক্ষেত্রেও সমতা নিরূপণ করে নির্ধারিত সময়ের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ে আবেদন করতে হবে।
 - চ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল/ স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট ভর্তিকৃত কোনো শিক্ষার্থী ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে সে সকল শিক্ষার্থীরা ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে।
 - ছ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোনো প্রার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।
- ৫। ক) আবেদনকারীকে নির্দিষ্ট ওয়েব সাইট www.nu.ac.bd/admissions এ Honours tab এ গিয়ে Apply Now (Honours) অপশনে ক্লিক করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১৫.০২.২০২৪ তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী তথ্য সংযোজন করতে হবে।
 - খ) মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী/ শোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে প্রযোজ্য ক্ষেত্রে কোটা সিলেক্ট করতে হবে। কোটায় আবেদনের ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা অনুযায়ী আবেদন ফরম পূরণ করতে হবে।
 - গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে অনলাইনে আবেদন ফরম পূরণের সময় ১২০×১৫০ Pixels, Image Type: Jpg এবং maximum file size: 50kb সংযুক্ত করে তা A4 (৮.৫ ইঞ্চি×১১ইঞ্চি) সাইজের অফসেট পেপারে প্রিন্ট করতে হবে।
 - ঘ) পূরণকৃত প্রাথমিক আবেদন ফরমে কোনো তথ্য গড়মিল হলে এ জন্য সংশ্লিষ্ট শিক্ষার্থী দায়ী থাকবে।

- ৬। প্রাথমিক আবেদন ফি বাবদ ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা ‘সোনালী ই-সেবা’ মোবাইল অ্যাপ এর মাধ্যমে জমা দিতে হবে। এজন্য শিক্ষার্থীদের <https://sbl.com.bd:7070/CollegeFee/Payment> এ গিয়ে Application Fee সিলেক্ট করে অথবা সোনালী ই-সেবা মোবাইল অ্যাপের National university Fee Manu থেকে Application Fee সিলেক্ট করে ফি পরিশোধের পর প্রাপ্ত Payment Slip প্রিন্ট কপি ভর্তি ফরমের সাথে কলেজের প্রশাসনিক ভবনের নির্ধারিত কাউন্টারে জমা দিতে হবে।

- ৭। ভর্তির প্রাথমিক আবেদন ফরমের সাথে এসএসসি ও এইচএসসি পরীক্ষা পাসের নম্বরপত্রের ফটোকপি এবং অনলাইনে ফি পরিশোধের Payment Slip এর মূলকপি জমা দিতে হবে এবং ভর্তি ফরমের উপর শিক্ষার্থীর একটি সচল মোবাইল নম্বর লিখতে হবে।
- ৮। কলেজের নাম- Govt. Brajalal (BL) College, Khulna কলেজ EINN নম্বরঃ 116954
- ৯। ক্লাস শুরুঃ ১০/০৩/২০২৪ খ্রি. তারিখ রবিবার।

ভর্তি বিজ্ঞপ্তি এবং ফি জমাদানের নির্দেশিকা কলেজ ওয়েব সাইট www.blcollege.edu.bd এ পাওয়া যাবে।

15/2/2024
(প্রফেসর শরীফ আতিকুলজামান)
অধ্যক্ষ
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা
15-2-24